

সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর দণ্ডের	
পরিকল্পনা বিভাগ	
তারিখ:	১০/০৮/২০১৭
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল	
গ্রোৱামার	
যেইনটেন্যাপ ইঞ্জিনিয়ার	
সহকারী প্রোগ্রামার-১	
সহকারী প্রোগ্রামার-২	
সহকারী প্রোগ্রামার	
ব্যাতিপত্র নম্বর:	
নম্ব-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.১৭-৪৬২	


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সমষ্ট অধিশাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

তারিখ: ২৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
১২ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: DPP/RDPP চেকলিস্ট তৈরির বিষয়ে মতামত প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪/০৯/২০১৭ তারিখের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন আরেকটি DPP/RDPP চেকলিস্ট তৈরির বিষয়ে মতামত প্রদানের জন্য ২০/০৮/২০১৭ তারিখে প্রকাশিত DPP/RDPP চেকলিস্টটি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



(মোঃ খলিলুর রহমান খান)  
উপসচিব

ফোন: ৯১১৭১১৪  
E-mail: [dsplandivco@gmail.com](mailto:dsplandivco@gmail.com)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমষ্ট অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬. মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব/ সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ /পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১. কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিস্ট, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত্র, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. জনাব সুবাস চন্দ্র সাহা, সচিব (চলতি দায়িত্ব), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. গার্ড ফাইল/অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 পরিকল্পনা মন্ত্রণালয়  
 পরিকল্পনা বিভাগ  
 এনইসি-একনেক ও সমৰ্থ অনুবিভাগ  
সমৰ্থ শাখা-২

### চেকলিস্ট

পরিকল্পনা বিভাগ কর্তৃক ১০.১০.২০১৬ তারিখে জারীকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রগতিন' প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি' শীর্ষক পরিপত্রের মূল অংশ এবং সংযুক্ত ছকসমূহের প্রতেকটি অনুচ্ছেদ সমানভাবে গুরুত্বপূর্ণ বিবেচনা করে সকল উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP/RDPP) পুঁথানুপুঙ্গভাবে পরীক্ষা করতে হবে। এছাড়া নিম্নোক্ত বিষয়সমূহে অধিকতর গুরুত্বারোপ করা আবশ্যক-

#### (ক) উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) প্রক্রিয়াকরণের সময় লক্ষণীয় বিষয়সমূহ

১. উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পের একটি অর্থপূর্ণ নাম বাংলায় এবং ব্রাকেটে ইংরেজিতে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ- ১.০);
২. প্রকল্পের ফলাফল (outcome)-এর সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পের সার্বিক (overall) উদ্দেশ্য (activities এর বিষয় বর্ণনা না করে) উল্লেখপূর্বক বুলেট ফরমে মুনিদিস্টিভাবে প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ (সংখ্যায়/শতাংশে) SMART (Specific, Measurable, Achievable, Realistic and Timebound) ভিত্তিতে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৩.০);
৩. প্রকল্পের প্রাকলিত ব্যয়ের অর্থ প্রাপ্তি এবং এর কার্যাদি (activities) সম্পাদনের সম্ভাব্য সময়ের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পের ব্যাপ্তিগত প্রকল্প এবং কার্যক্রম প্রকল্পের সময়সূচী করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৪.০);
৪. প্রযোজন ক্ষেত্রে প্রকল্প এবং কার্যক্রম সম্পর্কিক বিভাগ, জেলা ও উপজেলাভিত্তিক প্রকল্প অনুকরণ মানকারণ মানচিত্র রেখে মানচিত্র বাস্তুনীয়) সংযুক্ত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ ৭.০);
৫. প্রকল্প এলাকাভিত্তিক ব্যয় বিভাজন পরিপত্রে উল্লেখিত Annexure-I অনুসারে দেয়া হয়েছে কিনা (অনুচ্ছেদ- ৮.০);
৬. প্রধান প্রধান অঙ্গসমূহের উল্লেখসহ রাজস্ব ও মূলধন খাতে অঙ্গভিত্তিক ঘথাযথ ইউনিটে পরিমাণ ও প্রাকলিত ব্যয় এর বিভাজন অর্থনৈতিক কোডসহ উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৯.০);
৭. প্রকল্পের ম্যানেজমেন্ট সেট আপ প্রকল্প প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতিতে উল্লেখিত Annexure-II অনুসারে দেয়া হয়েছে কিনা (অনুচ্ছেদ-১১.০);
৮. প্রকল্পের বছরভিত্তিক (year wise) আর্থিক ও ভৌত লক্ষ্যমাত্রা Annexure-IV অনুসারে রাজস্ব ও মূলধন খাতের আওতায় সকল অঙ্গের পরিমাণ ও ব্যয় ঘথাযথভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১২.১-১২.২);
৯. সমাপ্তি শেষে প্রকল্প রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রয়োজন হলে তা নির্ধারিত ফরমেটে সঠিকভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৩.০);
১০. প্রকল্প প্রণয়নের পূর্বে কোন প্রি-এ্যাপ্রেইজাল/প্রি-ইনভেস্টমেন্ট স্টাডি সম্পর্ক হয়ে থাকলে এর ফলাফল ও সুপারিশের নির্বাচী সার-সংক্ষেপ (executive summary) প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৬.০);
১১. বাস্তবায়নাধীন/সমাপ্ত অনুরূপ প্রকল্প (যদি থাকে) থেকে লক্ষ অভিজ্ঞতার বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে পিসিআর এর উপর) আলোকপাত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৮.১-১৮.২);
১২. প্রকল্পের মোট ও অঙ্গভিত্তিক (রাষ্টা, স্রীজ/কালভার্ট ভবন নির্মাণ ইত্যাদি পূর্ত কাজ, যানবাহন, যন্ত্রপাতি/ইকুইপমেন্ট, পরামর্শক সেবা, সিডি/ভ্যাট, ইনকাম ট্যাঙ্ক ইত্যাদি) ব্যয় প্রাকল্পনের ভিত্তি এবং পূর্ত কাজের ক্ষেত্রে সর্বশেষ রেট অব সিডিউল অনুসরণ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৯);

১৩. মোট প্রকল্প বায়ের বিভাগিত বার্ষিক ব্যয় বিভাজন Annexure-V অনুসারে দেয়া হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৯);
১৪. চলমান এবং সমাপ্ত অনুরূপ প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের সাথে বিবেচ্য প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের তুলনামূলক বায়ের বিবরণ যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২০);
১৫. প্রধান প্রধান অঙ্গ (রাষ্ট্র, ব্রীজ/কালভার্ট, ভবন নির্মাণ ইত্যাদি পৃত্তকাজ এবং উল্লেখযোগ্য যন্ত্রপাতি যেমন ইঞ্জিন, কোচ, ক্রেন, বৈদ্যুতিক যন্ত্রপাতি, মেডিকেল যন্ত্রপাতি, টেক্সটাইল/গার্মেন্টস সংশ্লিষ্ট যন্ত্রপাতি ইত্যাদি)-এর স্পেসিফিকেশন/ডিজাইন প্রদান করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২২.০);
১৬. সরকার/অন্য কোন উন্নয়ন সহযোগীর কাছ থেকে প্রকল্প বায়ের অর্থ ঋণ হিস্তেবে গ্রহণ করা হলে এমরটাইজেশন সিডিউল Annexure-VI অনুসারে সঠিকভাবে প্রণয়নপূর্বক সংযুক্ত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২৩);
১৭. পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এসডিজির কোন কোন গোল ও টার্গেটের সাথে প্রকল্প কার্যক্রম সম্পৃক্ত তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২৬.০);
১৮. প্রকল্পের কাজের সাথে প্রাইভেট সেক্টর/স্থানীয় সরকার বা এনজিওর অংশগ্রহণের সম্পত্তি থাকলে সে বিষয়ে সুস্পষ্টভাবে (যথা- কে করবে, কিভাবে সংশ্লিষ্টতা রয়েছে, পূর্ব কাজের অভিজ্ঞতা রয়েছে কিনা, কোন কোন কম্পানিটের সাথে জড়িত থাকবে, কাজ কখন শুরু ও শেষ করবে, কার কাছে জবাবদিহিত করবে ইত্যাদি) আলোচনা করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২৮.০);
১৯. বৈদেশিক সহায়তার প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগীর প্রধান প্রধান শর্তাদি (যেমন সুদের হার ও রিপেমেন্ট পিরিয়ড বর্গনা) সম্পর্কে আলোকপাত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-২৯.০);
২০. প্রকল্পের আওতায় রিহেবিলিটেশন/রিসেটেলমেন্ট এর প্রয়োজন হলে তার মাত্রা (magnitude) ও ব্যয় (cost) সম্পর্কে আলোকপাত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৩০.০);
২১. প্রকল্পের বাস্তবায়ন (ক্রম কার্যক্রমসহ) ও পরিচালন অবস্থায় ঝুঁকি (risk) শনাক্ত এবং তা উপর্যুক্ত করার বিষয়ে আলোকপাত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৩১.০)।

#### (খ) সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাৱ (R.D.P.P.) প্রক্রিয়াকৰণেৰ সময় লক্ষণীয় বিষয়সমূহ

উপর্যুক্ত অনুচ্ছেদ 'ক' এ বৰ্ণিত বিষয়াবলিসহ নিমোক্ত বিষয়সমূহ লক্ষণীয়-

- মূল ডিপিপি এবং সংশোধিত ডিপিপি'র রাজস্ব ও মূলধন খাতভিত্তিক তুলনামূলক ব্যয় বিবরণী (পরিমাপযোগ্য প্রতিটি অঙ্গের ক্ষেত্রে ভৌত পরিমাণ সংখ্যা/একক, অন্যথায় থোক এবং ব্যয়) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৮.০);
- সৰ্বশেষ অনুমোদিত প্রকল্পের আওতায় অঙ্গভিত্তিক ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি (হোলনাগাদ) এবং অবশিষ্ট (ইতোমধ্যে সম্পাদিত কাজ বাদ দিয়ে) অঙ্গসমূহের (to be incurred) ভৌত পরিমাণ/সংখ্যা/থোক এবং ব্যয় সঠিকভাবে উল্লেখ করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-৯.০);
- সংশোধনের প্রধান প্রধান কারণ যৌক্তিকভাবে সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১১.০);
- বাস্তবায়নাধীন/সমাপ্ত অনুরূপ প্রকল্প (যদি থাকে) থেকে লক্ষ অভিজ্ঞতার বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে পিসিআর এর উপর) আলোকপাত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৮.১-১৮.২);
- সংশোধিত প্রস্তাৱের আলোকে বছৰভিত্তিক (year wise) আর্থিক ও বাস্তব লক্ষমাত্ৰা পরিপত্রে উল্লিখিত Annexure-II অনুসারে দেয়া হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৬.০);
- প্রস্তাৱিত সংশোধিত ডিপিপি'র সাথে মূল ডিপিপি (অনুমোদনকালীন ডকুমেন্টের প্রযোজনীয় তথ্যাদিসহ) সংযুক্ত করা হয়েছে কিনা (অনুচ্ছেদ-১৭.০)।

### (গ) সাধারণ বিষয়সমূহ

১. সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সাহায্য প্রাপ্তির নিশ্চয়তার বিষয়ে উন্নয়ন সহযোগী/ইআরডি'র সম্মতি, উন্নয়ন সহযোগীর সাথে স্বাক্ষরিত ঝণ/অনুদান চুক্তি, লোন নেগোপিয়েশন ডকুমেন্ট, Project Appraisal Document (PAD)/MOU/MOD সংক্রান্ত দলিল সংযুক্ত আছে কিনা;
২. মন্ত্রণালয়ের যাচাই কমিটি সভার কার্যবিবরণী সংযুক্ত আছে কিনা এবং উক্ত 'সভার সিদ্ধান্ত প্রতিফলিত হয়েছে কিনা;
৩. প্রকল্প প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের স্বাক্ষর ও সীল আছে কিনা;
৪. ভূমি অধিগ্রহণের প্রস্তাব করা হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয়ের প্রাকলন সংযুক্ত করা হয়েছে কিনা;
৫. পর্যায়ভুক্ত (১ম/২য় পর্যায় ইত্যাদি) প্রকল্প হলে পূর্ববর্তী পর্যায়ের প্রকল্পের মূল্যায়ন আইএমইডি কর্তৃক করা হয়েছে কিনা;
৬. পিইসি/একনেক সভার সিদ্ধান্ত প্রতিপালন করে ডিপিপি/আরডিপিপি পুনর্গঠন করা হয়েছে কিনা।